প্রধানমন্ত্রী আজ রাজশাহী যাচ্ছেন

প্রত্যাশা নিয়ে অপেক্ষা সাধারণ মানুষের

রাজশাহী অফিস : আজ প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাজশাহী আসছেন। দিনভর নানা কর্মসূচিতে অংশগ্রহণ ছাড়াও বিকেলে ঐতিহাসিক মাদ্রাসা ময়দানে জনসভায় ভাষণ দেবেন। তার আগমনকে ঘিরে রাজশাহী মহানগরী সেজে উঠেছে নতুন সাজে। নগরীতে প্রবেশ করার সবকটি রাজপথে বানানো হয়েছে অসংখ্য স্বাগত তোরণ। ডিজিটাল ব্যানারে ব্যানারে নগরী ছেয়ে গেছে। জনসভারস্থল মাদ্রাসা ময়দানও প্রস্তুত। মাইকযোগে প্রচার প্রচারণা আর মিছিল হচ্ছে ক'দিন ধরেই। শেষ মুহূর্তে প্রচার প্রচারণা মুখরিত চারিদিক। সকল কর্মসূচি শতভাগ সফল করার লক্ষ্যে সিটি মেয়র খায়রুজ্জামান লিটন, সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী মো: নাসিমসহ এমপি নেতাকর্মীরা ভীষন ব্যস্ত সময় কাটাচ্ছেন। বিশেষ করে জনসভাকে জনসমুদ্রে পরিণত করার পরিকল্পনা রয়েছে। সে লক্ষ্যে কেন্দ্রীয় নেতারা উপজেলা পর্যন্ত বিভিন্ন কর্মসূচিতে অংশ নিচ্ছেন। আশেপাশের জেলাগুলো হতে বাস ট্রাকযোগে নেতাকর্মী সমর্থকদের আনা হবে। জনসভায় প্রধানমন্ত্রীর বক্তব্য যাতে বহুদূর পর্যন্ত শোনা যায় সেজন্য উত্তর-দক্ষিণ পূর্ব-পশ্চিম পর্যন্ত তিনশত মাইক লাগানো হয়েছে। বারটি স্থানে বড় পর্দায় দেখানো হবে বলে আয়োজকরা জানান।

গতকাল বিকেলে সিটি মেয়রের নেতৃত্বে বিশাল স্বাগত মিছিল বের হয়। দুপুরের পর থেকে বিভিন্নস্থান থেকে হাজার হাজার মানুষ কুমারপাড়াস্থ দলীয় কার্যালয়ের সামনে জড়ো হতে থাকে। বিকেলে বের হয় মিছিল। প্রধানমন্ত্রী সকালে বিমানযোগে রাজশাহী আসবেন। সেখান থেকে সরাসরি রাজশাহী সেনানিবাসে বীর-এর বাৎসরিক অধিনায়ক সম্মেলনে '১১ পুনর্মিলনী এবং ন্যাশনাল স্ট্যান্ডার্ড প্রদানসহ অন্যান্য অনুষ্ঠানে যোগ দেবেন। এরপর হযরত শাহ মখদুম (রহ) মাজার জেয়ারত শেষে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে শহীদ ও শামসুজ্জোহার মাজারে পুষ্পস্তবক অর্পণ ও বঙ্গমাতা শেখ ফজিলাতুননেছা ছাত্রী হলের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। সেখান থেকে কাটাখালিতে নর্দান পাওয়ারের পঞ্চাশ মেগাওয়াট রেন্টাল বিদ্যুৎ কেন্দ্রের মেশিন উদ্বাধন ও একই স্থানে পঞ্চাশ মেগাওয়াট পিকিং পাওয়ার পান্টের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। বিকেলে আওয়ামী লীগ জেলা ও মহানগর আয়োজিত মাদ্রাসা মাঠের জনসভায় প্রধান অতিথির ভাষণ দেবেন। শেষে বিমানযোগে ঢাকায় ফিরে যাবেন।

প্রধানমন্ত্রীর আগমনকে ঘিরে দলের নেতাকর্মী সমর্থকদের পাশাপাশি সাধারণ মানুষের উৎসাহের কমতি নেই। সাধারণ মানুষ অধীর আগ্রহ নিয়ে অপেক্ষা করছে তাদের প্রত্যাশাগুলো নিয়ে। ইতোমধ্যে ১৪ দফা দাবী তার বরাবরে উপস্থাপন করা হয়েছে। এর বাইরেও রাজশাহী উন্নয়ন সংগ্রাম পরিষদ বেশ কিছু দাবী করেছে। মোটা দাগের দাবীর মধ্যে রয়েছে রাজশাহীকে শিক্ষাঞ্চল ঘোষণা (শিক্ষা নগরী)। মেডিক্যাল, কৃষি ও ভেটিরিনারী বিশ্ববিদ্যালয়। আইটি ভিলেজ। রেশম কারখানাসহ শিল্পখাতের উন্নয়ন। পদ্মা নদীর নাব্যতা ফিরিয়ে আনতে ক্যাপিটাল ড্রেজিং ও গঙ্গাব্যারেজ নির্মাণ।

রাবিতে প্রধানমন্ত্রীর অনুষ্ঠান বয়কট করবে সাদাদল

আজিবুল হক পার্থ, রাবি থেকে : নিশ্ছিদ্র নিরাপত্তা ব্যবস্থায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ রাজশাহী বিশ্ববিদ্যালয়ে আসছেন। রাবি প্রশাসন ইতিমধ্যে সকল প্রস্তুতি সম্পন্ন করেছে। প্রধানমন্ত্রীকে সংবর্ধনা জানাতে ক্যাম্পাসকে সাজানো হয়েছে বর্ণিল সাজে। এদিকে যে কোন ধরনের বিশৃংখলা এড়াতে ক্যাম্পাস জুড়ে নেয়া হয়েছে কয়েক স্তরের কঠোর নিরাপত্তা ব্যবস্থা। নিরাপত্তা ব্যবস্থায় কাজ করছে সরকারী ৭ টি নিরাপত্তা সংস্থা। তবে চারটি পৃথক অভিযোগ এনে প্রধানমন্ত্রীর সংবর্ধনা অনুষ্ঠান বয়কটের ঘোষণা দিয়েছে বিএনপি ও জামায়াতপন্থী শিক্ষকদের সংগঠন সাদাদল।

প্রশাসন সূত্রে জানা গেছে, প্রধানমন্ত্রীর রাজশাহী সফরের পূর্বনির্ধারিত শিডিউল অনুযায়ী আজ বৃহস্পতিবার দুপুর ২টা ৫ মিনিটে ক্যাম্পাসে প্রবেশ করবেন। প্রবেশের পর প্রথমে তিনি ৬৯'র গণঅভ্যুত্থানে নিহত শিক্ষক ড. শামসুজ্জোহার মাজারে পুষ্পস্তবক অর্পণ করবেন। এরপর ২টা ১০ মিনিট থেকে ২টা ২০ মিনিট পর্যন্ত ফজিলাতুন্নেছা মুজিবের নামে একটি ছাত্রী হলের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন।

এদিকে যে কোন ধরনের বিশৃংখলা এড়াতে ক্যাম্পাস জুড়ে গ্রহণ করা হয়েছে কয়েক স্তরের নিরাপত্তা ব্যবস্থা। নিরাপত্তা ব্যবস্থায় পুলিশ ও র‌্যাবের পাশাপাশি কাজ করছে সেনাবাহিনীর একটি বিশেষ টিম। এছাড়াও পাঁচটি নিরাপত্তা ও গোয়েন্দা সংস্থার সদস্যরা। পুলিশ-র‌্যাব ছাড়াও সিটিএসবি, এনএসআই, ডিজিএফআই, এসএসএফ, আর্মড পুলিশের প্রায় দু'শতাধিক সদস্য ক্যাম্পাসে নিরাপত্তার দায়িত্বে আছে। এছাড়াও আজ বিশ্ববিদ্যালয়ে সকল ধরনের ব্যাগ, তরল পানীয়, মোবাইল, ক্যামেরা, লাইটারসহ যে কোন ধরনের ইলেকট্রনিক্স ডিভাইস ব্যবহার নিষিদ্ধ ঘোষণা করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

এদিকে আজ বিশ্ববিদ্যালয়ের সকল ক্লাস ১১টার পর থেকে বন্ধ রাখার ঘোষণা দেয়া হয়েছে। একই সাথে বিভিন্ন বিভাগের অনুষ্ঠিতব্য ফাইনাল পরীক্ষাসমূহ জরুরী নির্দেশের মাধ্যমে স্থগিত ঘোষণা করা হয়েছে। আজকের বেলা ১২ টা ১০-এ চলাচলকারী সকল রুটের গাড়ী ১১ টা ১৫ মিনিটে ছেড়ে যাবে এরপরে আর কোন গাড়ীও চলবে না। গতকাল রেজিস্ট্রার দপ্তরের বরাত দিয়ে এক বিজ্ঞপ্তিতে এসব তথ্য বিভাগ ও হল সমূহে পৌঁছে দেয়া হয়েছে।

যোগাযোগ করা হলে রাবি প্রো-ভিসি প্রফেসর মুহম্মদ নুরুল্লাহ'র বলেন, আমাদের সব প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। সাদা দলের শিক্ষকদের অনুষ্ঠান বর্জনের বিষয়ে তিনি বলেন, সবাইকে প্রধানমন্ত্রীর কর্মসূচীতে আমন্ত্রণ জানানো হয়েছে। তিনি আরো বলেন, গোল্ডেন জুবিলী টাওয়ারও সংস্কার করতে বলা হয়েছিল। কিন্তু সেটি সংস্কার করতে নির্মাণকারী শিল্পীর অনুমতি সংক্রান্ত জটিলতার কারণে সেটি করা সম্ভব হয়নি।

রাজশাহীতে স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী

বিশেষ সংবাদদাতা ঃ প্রধানমন্ত্রী শেখ হাসিনার জনসভাস্থল পরিদর্শন করতে স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী এডভোকেট শামসুল হক টুকু গতকাল (বুধবার) রাজশাহী গেছেন। তিনি সরেজমিনে রাজশাহীর হাফেজিয়া মাদ্রাসা মাঠ পরিদর্শন করেন। যেখানে আজ বৃহস্পতিবার প্রধানমন্ত্রী শেখ হাসিনার জনসভায় ভাষণ দেয়ার কথা রয়েছে। স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী টুকু, আওয়ামী লীগ নেতৃবৃন্দ ও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ মাঠটি ঘুরে দেখেন এবং জনসভা আয়োজনের প্রস্তুতির বিষয়ে খোঁজ-খবর নেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবারের সফরে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেসা ছাত্রী হলের ভিত্তি প্রস্তর স্থাপন ও কাটাখালী ৫০ মেগাওয়াট পিকিং পাওয়ার প্লান্টের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। বিকেলে রাজশাহীর হাফেজিয়া মাদ্রাসা মাঠে আওয়ামী লীগের জনসভায় যোগদান করবেন ।

xxxxxxxxxxxxxxxxxxxxx